# জাল হাদীছের কবলে রাসূলুল্লাহ (ছাঃ)-এর ছালাত

বিভাগ/অধ্যায়ঃ মসজিদ সমূহ

রচয়িতা/সঙ্কলকঃ মুযাফফর বিন মুহসিন

(২০) মসজিদ স্থানান্তর করা যাবে না বা জমি বিক্রয় করা যাবে না মর্মে বিশ্বাস করা

(২০) মসজিদ স্থানান্তর করা যাবে না বা জমি বিক্রয় করা যাবে না মর্মে বিশ্বাস করা :

মসজিদ স্থানান্তর করা যায় না বলে সমাজে ভ্রান্ত ধারণা চালু আছে। অনুরূপ মসজিদের জন্য ওয়াকফ করা জমি বিক্রি করা যায় না এ কথাও চালু আছে। অথচ মুছল্লীদের সুবিধার্থে মসজিদ স্থানান্তর করা যায় এবং জমি বিক্রি করে মসজিদের কাজে লাগানো যায়। ওমর (রাঃ)-এর যুগে কূফার দায়িত্বশীল ছিলেন আব্দুল্লাহ ইবনে মাসঊদ (রাঃ)। একদা মসজিদ হতে বায়তুল মাল চুরি হয়ে গেলে সে ঘটনা ওমর (রাঃ)-কে জানানো হয়। তিনি মসজিদ স্থানান্তর করার নির্দেশ দেন। ফলে মসজিদ স্থানান্তরিত করা হয় এবং পূর্বের স্থান খেজুর বিক্রির বাজারে পরিণত হয়।[1] আর রাসূল (ছাঃ) বলেন, ‘তোমাদের উপরে অপরিহার্য হল, আমার সুন্নাত ও আমার খুলাফায়ে রাশেদ্বীনের সুন্নাতকে আকড়ে ধরা’।[2] অতএব একান্ত প্রয়োজনে মসজিদ স্থানান্তর করা যায়। তবে অবশ্যই মসজিদের সম্পদ মসজিদেই ব্যবহার করতে হবে।

## ফুটনোট

[1]. ফাতাওয়া ইবনে তায়মিয়াহ, ৩১ খন্ড, ২১৭ পৃঃ; ইমাম তাবারাণী, আল-মু‘জামুল কাবীর হা/৮৮৫৪।

[2]. আবুদাঊদ হা/৪৬০৭; তিরমিযী হা/২৬৭৬; সনদ ছহীহ, মিশকাত হা/১৬৫।

Source — https://www.hadithbd.com/books/link/?id=1861

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন